



## এমবাল্পের জোড়া গোলে সেনেগালকে হারাল ফ্রান্স



এমবাল্পে। ছবি: সংগৃহীত

ফিফা বিশ্বকাপের ‘আই’ গ্রুপে জয় দিয়ে অভিযান শুরু করেছে ফ্রান্স। নিউইয়র্ক-নিউজার্সি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে সেনেগালকে ৩-১ গোলে হারিয়েছে দুইবারের বিশ্বচ্যাম্পিয়নরা। দলের জয়ে বড় ভূমিকা রাখেন কিলিয়ান এমবাল্পে, যিনি করেন দুটি গোল।

এই ম্যাচে জোড়া গোল করে ফ্রান্সের হয়ে সর্বকালের সর্বোচ্চ গোলদাতার তালিকায় নতুন উচ্চতায় পৌঁছেছেন এমবাল্পে। একই সঙ্গে বিশ্বকাপে তার গোলসংখ্যা দাঁড়িয়েছে ১৪-তে, যা আর্জেন্টিনার তারকা লিওনেল মেসির বিশ্বকাপ গোলসংখ্যাকেও ছাড়িয়ে গেছে।

প্রথমার্ধে অবশ্য গোলের দেখা পায়নি কোনো দল। বরং আক্রমণে কয়েকবার ফ্রান্সকে চাপে ফেলে সেনেগাল। ২৫ মিনিটে নিকোলাস জ্যাকসনের শট পোস্টে লেগে ফিরে এলে এগিয়ে যাওয়ার সুযোগ হাতছাড়া হয় আফ্রিকান দলটির।

বিরতির পর বদলে যায় ম্যাচের চিত্র। ৬৬ মিনিটে মাইকেল ওলিসের পাস থেকে গোল করে ফ্রান্সকে এগিয়ে দেন এমবাল্পে। এরপর সেনেগাল একবার বল জালে পাঠালেও অফসাইডের কারণে গোলটি বাতিল হয়।

ম্যাচের ৮২ মিনিটে বদলি হিসেবে নামা ব্র্যাডলি বারকোলা ব্যবধান ২-০ করেন। এরপর যোগ করা সময়ের পঞ্চম মিনিটে দূরপাল্লার শটে নিজের দ্বিতীয় ও দলের তৃতীয় গোল করেন এমবাল্পে। এর ঠিক আগে সেনেগালের হয়ে ইব্রাহিম একটি গোল শোধ করলেও হার এড়ানো সম্ভব হয়নি।

আগামী ২২ জুন গ্রুপ পর্বের দ্বিতীয় ম্যাচে ইরাকের মুখোমুখি হবে ফ্রান্স। বাংলাদেশ সময় ম্যাচটি শুরু হবে রাত সাড়ে ৩টায়।